দৈনিক বাংলা
২৫/৯/৮১

# রাজশাহী বোর্ড: এইচএসসি পরীক্ষায় পাসের হার ৫৯.৫৯

(নিজস্ব সংবাদদাতা)

রাজশাহী, ২৪শে সেপ্টেম্বর।— রাজশাহী বোর্ডের ১৯৮১ সালের এইচএসসি পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়েছে। পাসের হার শতকরা ৫৯ দশমিক ৫৯। মোট ২৬ হাজার ৮শ ৪৭ জন ছাত্রছাত্রী এবার পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে ৭শ ৬৭ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৭শ ৬২ জন দ্বিতীয় বিভাগে এবং ১০ হাজার ৪শ ৭০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মোট ১৫ হাজার ৯শ ৯৯ জন ছাত্রছাত্রী পরীক্ষায় পাস করে।

সম্মিলিত মেধা তালিকা: প্রথম—মোঃ সাইফুর রহমান, রাজশাহী ক্যাডেট কলেজ; দ্বিতীয়—শেখ কাইজার আলম, রাজশাহী সরকারী কলেজ; তৃতীয়—মোঃ আলতাফ হোসেন, রাজশাহী কলেজ; চতুর্থ—মোঃ আজহারুল করিম রুমী, রাজশাহী ক্যাডেট কলেজ; পঞ্চম—শ্যামল চন্দ্র দেবনাথ, কারমাইকেল কলেজ, রংপুর; ষষ্ঠ—মোঃ আহসান হাবিব, রাজশাহী কলেজ, সপ্তম—জাবেদ ইকবাল খান ও এস এম মাহমুদ হোসেন, রাজশাহী ক্যাডেট কলেজ, অষ্টম—শফিকুল ইসলাম, রংপুর ক্যাডেট কলেজ; নবম—বিকাশ চন্দ্র ঘোষ এবং দশম—আবদুল মজিদ, রাজশাহী কলেজ। এদের সকলেই বিজ্ঞান গ্রুপের ছাত্র।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

মানবিক শাখা: প্রথম—নূরে আলম সিদ্দিকী, রংপুর কারমাইকেল কলেজ দ্বিতীয়—নাসিমুল গনি, রাজশাহী ক্যাডেট কলেজ, তৃতীয়—গোলাম কিবরিয়া, আজিজুল হক কলেজ, বগুড়া, চতুর্থ—আবু সালেহ মোঃ মোশাররফ হোসেন, রাজশাহী কলেজ এবং পঞ্চম—আবদুস সামাদ, রাজশাহী ক্যাডেট কলেজ।

বাণিজ্য শাখা: প্রথম—মেহেরুল ইসলাম খান, রাজশাহী কলেজ, দ্বিতীয়—দেওয়ান কানিজ নইমা, নওগাঁ কলেজ, তৃতীয়—আখতারুজ্জামান, রাজশাহী কলেজ, চতুর্থ—সাইফুল ইসলাম, আজিজুল হক কলেজ বগুড়া এবং পঞ্চম—মঞ্জুর মুর্শেদ, রাজশাহী কলেজ।

কৃষি শাখা: প্রথম—জুলফিকার রহমান ইনিতু, নওগাঁ কলেজ, দ্বিতীয়—কামরুল ইসলাম, নওগাঁ কলেজ, তৃতীয়—আবুল কাসেম, পীরগাছা কলেজ, চতুর্থ—সালেক মিয়া, সেতাবগঞ্জ কলেজ এবং পঞ্চম—জহুরুল হক, আবদুলপুর কলেজ।

মহিলাদের মধ্যে প্রথম—বিজ্ঞান গ্রুপের ফাতেমা বেগম, রংপুর কারমাইকেল কলেজ তিনি সম্মিলিত মেধা তালিকায় চতুর্দশ স্থান অধিকার করেছেন।